দৈনিক ইত্তেফাক

13

তারিখ 1 AUG 1990
পৃষ্ঠা ৬ কলাম ৪

## গণিতের প্রশ্নপত্র সম্পর্কে ঢাকা শিক্ষা বোর্ডের ব্যাখ্যা

ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, ১৯৯০ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার ২৮শে জুলাই তারিখে অনুষ্ঠিত গণিত দ্বিতীয় পত্রের প্রশ্নপত্রে মুদ্রণ প্রমাদের কারণে ১০ নম্বর প্রশ্নের ক-এর প্রথম অংশের লব x-k এর স্থলে x-h হওয়ায় বোর্ড

( ৪র্থ পৃঃ দ্রঃ )

## গণিতের প্রশ্নপত্র

( ৩য় পৃঃ পর )

কর্তৃপক্ষ আন্তরিকভাবে দুঃখিত। এ ব্যাপারে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানান যাইতেছে যে, যে সকল পরীক্ষার্থী h (এইচ) কে h (এইচ) ধরিয়াই সঠিক পদ্ধতি অনুসরণ পূর্বক শুদ্ধভাবে প্রশ্নটির উত্তর প্রদান করিয়াছে তাহাদিগকে পূর্ণ কৃতিত্ব প্রদান করা হইবে। তবে যেসকল পরীক্ষার্থী h (এইচ) কে k (কে) ধরিয়া সঠিক পদ্ধতি অনুসরণ পূর্বক শুদ্ধভাবে উত্তর প্রদান করিয়াছে তাহাদিগকেও পূর্ণ কৃতিত্ব প্রদান করা হইবে।